



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

নং-বিবিধ/২০১৮/৩০৫

তারিখ : ২৫/১১/২০১৮

বিষয়ঃ জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালা প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.১২০.১৮-৪৮৪, তারিখ: ২৫/১১/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/১১/২০১৮ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.১২০.১৮-৪৮৪ এর নির্দেশনা মোতাবেক নিম্নে প্রদত্ত জাতীয় সংসদ নির্বাচন আচরণ বিধিমালার ১০তম পৃষ্ঠার ১৪(২) এবং ১৪(৪) ধারা দু'টি যথাযথ ভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

ধারাসমূহঃ

১৪ (২) সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি তাহার নিজের বা অন্যের পক্ষে নির্বাচনী প্রচারণায় সরকারি যানবাহন, সরকারি প্রচারযন্ত্রের ব্যবহার বা অন্যবিধ সরকারি সুবিধাভোগ করিতে পারিবেন না এবং এতদুদ্দেশ্যে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা-কর্মচারী বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহার করিতে পারিবেন না।

১৪ (৪) কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসাবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে বা তদ্ব্যতিরিক্ত কোন মনোনয়ন প্রদত্ত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি বা তদ্ব্যতিরিক্ত মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল : [ic@dhakaeducationboard.gov.bd](mailto:ic@dhakaeducationboard.gov.bd)

অধ্যক্ষ,  
অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।